

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
জাপান-২ অধিশাখা

প্রেস বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য ‘The Project for Improvement of Equipment for Technical Education’-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য জাপান সরকার ৯৯৭ মিলিয়ন জাপানিজ ইয়েন (সমপরিমাণ আনুমানিক ৭৫.০৯৫ কোটি টাকা বা US\$ ৮.৬৮ মিলিয়ন) অনুদান সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ ১৩ মার্চ ২০২৩ তারিখে বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে ‘অনুদান চুক্তি’ স্বাক্ষরিত হয়। উক্ত ‘অনুদান চুক্তি’ বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিজ শরিফা খান স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে ঢাকায় নিযুক্ত জাইকা’র চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. ICHIGUCHI Tomohide ‘অনুদান চুক্তি’তে স্বাক্ষর করেন।

‘The Project for Improvement of Equipment for Technical Education’-শীর্ষক প্রকল্পের জন্য জাপান সরকার কর্তৃক প্রদত্ত অনুদান সহায়তায় টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট (ডিপিআই), এবং ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট (ডিএমপিআই) এর ল্যাব/ওয়ার্কশপে যন্ত্রপাতি/মেশিনারিজ সরবরাহ করা, নির্বাচিত ৪টি টেকনোলজির (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল এবং কম্পিউটার) ল্যাব/ওয়ার্কশপে যন্ত্রপাতি ইনস্টলেশন এবং সংস্কার করা এবং শিক্ষক/প্রশিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করা হবে। প্রকল্পটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হবে।

জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরি সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা হচ্ছে বিশেষভাবে উল্লেখযোগ্য।

  
ফাতেমা বেগম  
উপসচিব